# উৎপাদনশীল ও সম্ভাবনাময় কর্মের সুযোগ গ্রহণে নারীর সামর্থ্য উন্নয়ন (স্বপ্ন II) প্রকল্প

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

**স্বপ্ন প্রকল্পের নারী উপকারভোগী নির্বাচনের কাজ আপনার ইউনিয়নে শুরু হতে যাচ্ছে।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত SWAPNO (স্বপ্ন) প্রকল্পের কাজ আপনার ইউনিয়নে শুরু হতে যাচ্ছে। উক্ত ইউনিয়ন হতে এই প্রথম ডিজিটাল পদ্ধতিতে সকল প্রক্রিয়া সম্পন্ন করে ৩৬ জন দুস্থ মহিলা উপকারভোগী নির্বাচন করা হবে। নির্বাচিত উপকারভোগীগণ ১২ মাসের জন্য স্বপ্ন প্রকল্পের আওতায় ঐ এলাকার রাস্তা ঘাট ও অন্যান্য সরকারি সম্পদ উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের কাজ করবেন। নির্বাচনের পূর্বে সংশ্লিষ্ট এলাকায় মাইক/ ঢোল সহরতের মাধ্যমে প্রচার করা হবে। নির্ধারিত তারিখে লটারির মাধ্যমে মহিলা উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়ে সম্পন্ন হবে।

## নারী উপকারভোগী নির্বাচনের শর্তাবলী

| | |
|---|---|
| ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী নারী বাসিন্দা এবং ১৮-৪৫ বছর বয়সের মধ্যে হতে হবে। | প্রার্থীকে নিশ্চিতভাবে নিম্নতর আর্থিক অবস্থার অধিকারী, সম্পদ একেবারেই নেই অথবা খুবই নগণ্য কিংবা জীবন ধারণের জন্য ভিক্ষা করতে বাধ্য হন বা নিম্ন মজুরির কর্ম সংস্থানে রাজি হয় এমন হতে হবে। |
| পরিবার প্রধান এবং বিধবা/তালাকপ্রাপ্তা/স্বামী পরিত্যাক্তা/ দুস্থ নারী (যার স্বামী উপার্জনে অক্ষম বা শারীরিক/মানসিক প্রতিবন্ধী) হতে হবে। | প্রার্থী খাদ্য নিরাপত্তাহীনতার শিকার এবং পরিবারের সদস্যদের জন্য পর্যাপ্ত খাদ্য সংস্থানে সক্ষম নয়। |
| ১৮-৩০ বছর বয়সী উপকারভোগীদের মধ্যে প্রকল্পের কাজ চলাকালীন সময়ে বা পরে বিভিন্ন শিল্পকারখানায় কাজ করতে আগ্রহীদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে। সেক্ষেত্রে আগ্রহীদের শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে পঞ্চম শ্রেণী পাশ হতে হবে। এরা গার্মেন্টস কারখানায় চাকুরী প্রার্থী। | ৩১-৪৫ বছর বয়সী উপকারভোগীদের মধ্যে প্রকল্পের কাজ চলাকালীন সময়ে বা পরে বিভিন্ন ক্ষুদ্র ব্যবসা পরিচালনায় আগ্রহীদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে। এরা স্থানীয় উদ্যোক্তা প্রার্থী। |
| ক্ষুদ্র নৃগোষ্ঠী/আদিবাসী/দলিত/হিজড়া সম্প্রদায়ের সদস্যদের অগ্রাধিকার প্রদান করা হবে। | প্রার্থীকে অবশ্যই মানসিকভাবে সুস্থ এবং সরকারি সম্পদ যেমন - রাস্তা ঘাট রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য শারীরিক সামর্থ্যের অধিকারী হতে হবে। বাংলাদেশ সরকারের অন্য কোন সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতাভুক্ত মহিলা স্বপ্ন প্রকল্পের উপকারভোগী হিসেবে নির্বাচিত হতে পারবেন না। |

## উপকারভোগী নির্বাচন প্রক্রিয়াঃ

- বয়স প্রমাণের জন্য মূল জাতীয় পরিচয়পত্র (NID) অবশ্যই সঙ্গে আনতে হবে
- উপরোক্ত শর্ত মেনে, প্রতি ওয়ার্ড থেকে ২ গ্রুপ (উদ্যোক্তা+চাকুরী) মিলিয়ে কমপক্ষে ১০ জন প্রাথমিক ভাবে নির্বাচিত হতে হবে, অন্যথায় সেদিন উক্ত ওয়ার্ড এ লটারি হবে না
- উপরোক্ত শর্ত মেনে, চাকুরী গ্রুপের লটারি হবার জন্য অন্তত ৩ জন যোগ্য প্রার্থী পেতে হবে, ৩ এর কম হলে উক্ত ওয়ার্ড এ দুই গ্রুপ মিলিয়ে (উদ্যোক্তা+চাকুরী) ১ টি লটারি হবে
- উপরোক্ত শর্ত মেনে, প্রতিটি ওয়ার্ড এর চাকুরী গ্রুপ থেকে ২ জন নির্বাচিত হবে, বাকিরা উদ্যোক্তা গ্রুপ এর লটারির সময় পুনরায় সুযোগ পাবে, সেখান থেকে আরো ২ জন নির্বাচিত হবে
- সরকারি নীতিমালা অনুযায়ী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সকল মহিলা ও পুরুষ ইউপি সদস্য, সম্ভাব্য উপকারভোগী ও প্রতিটি ওয়ার্ডের জনগণের উপস্থিতিতে লটারির মাধ্যমে প্রতিটি ওয়ার্ড থেকে ৪ জন করে একটি ইউনিয়নে প্রাথমিকভাবে মোট ৩৬ জন উপকারভোগী নির্বাচন করবেন। পরবর্তীতে প্রদত্ত তথ্য বাড়ি বাড়ি গিয়ে যাচাই বাছাই করে সঠিক তথ্যের ভিত্তিতে ৩৬ জন উপকারভোগীর তালিকা চূড়ান্ত করা হবে।

**বিশেষ নির্দেশনা** – স্বপ্ন প্রকল্পের উপকারভোগী হিসেবে নিয়োগ পেতে কোন পর্যায়ে কোন ধরনের আর্থিক লেনদেন সম্পূর্ণ নিষিদ্ধ। এ বিষয়ে কোন প্রকার অবৈধ আর্থিক লেনদেন অথবা মিথ্যা তথ্য প্রদানের প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্ট উপকারভোগীকে তালিকা থেকে বাদ দেওয়া হবে।

**বাস্তবায়নে** - স্থানীয় সরকার বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সার্বিক তত্ত্বাবধানে** - জেলা প্রশাসন